# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮৫. দাঁড়িয়ে জুতা পরা

জাবির, আবু হুরাইরাহ্ ও আব্দুল্লাহ্ বিন্ ’উমর (রাঃ) থেকে বর্ণিত তাঁরা বলেন:

نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَنْتَعِلَ الرَّجُلُ قَائِمًا

“রাসূল (সা.) যে কোন কাউকে দাঁড়িয়ে জুতা পরতে নিষেধ করেছেন”।[1]

কারণ, কিছু জুতা এমন রয়েছে যে, তা পরতে হলে বসতে হয়। যদি তা বসে পরা না হয় তাহলে তা দাঁড়িয়ে পরার সময় লোকটির মাটিতে পড়ে যাওয়ার প্রচুর সম্ভাবনা থাকে। তাই রাসূল (সা.) এমন জুতা দাঁড়িয়ে পরতে নিষেধ করেছেন। তবে যে জুতা পরতে বসতে হয় না। যেমনঃ স্যান্ডেল। তাহলে তা দাঁড়িয়েও পরা যেতে পারে।

>

## ফুটনোট

[1] (আবু দাউদ, হাদীস ৪১৩৫ ইবনু মাজাহ্, হাদীস ৩৬৮৫, ৩৬৮৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11435

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন